

অ্যাসাইনমেন্ট-১

এসএসসি পরীক্ষা-২০২১

বিষয়ঃ কৃষি শিক্ষা

সৃজনশীল-৩০

পূর্ণমান-৫০

১। সচেতন কৃষক কালাম সাহেব বোরো ধান চাষের জন্য বিএডিসি বীজ বিক্রয় কেন্দ্র থেকে ৬ কেজি উফশী ধানের বীজ ক্রয় করেন। তিনি ৯.৫ মিটার দৈর্ঘ্যের বেড়ের বীজতলা তৈরি করে সেখানে চারা উৎপাদন করেন এবং তা মূল জমিতে রোপন করেন।

- ক) কৃষকের ভাষায় মাটি কাকে বলে? ১
খ) বীজতলায় রাসায়নিক সার ব্যবহার না করা উত্তম কেন? ২
গ) কালাম সাহেবের ক্রয়কৃত বীজের জন্য তৈরিকৃত বীজতলার নকশা অঙ্কন করো। ৩

ঘ) মানসম্মত চারা উৎপাদনে কালাম সাহেবের কার্যক্রম মূল্যায়ন করো। ৪

২। মিরাজের লেয়ার খামারে ১০০টি বাড়ন্ত মুরগি আছে। খাদ্যের সঠিক ব্যবহার জানতে প্রাণিসম্পদ কর্মকর্তার কাছে গেলে খাদ্যের মান ও পরিমাণ বিষয়ে পরামর্শ দেন, ফলে মিরাজ উপকৃত হয়।

- ক) মৎস্য অভয়াশ্রম কী? ১
খ) রোগিং করার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। ২
গ) মিরাজের খামারে প্রতি সপ্তাহে খাদ্যের পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ) প্রাণিসম্পদ কর্মকর্তার পরামর্শের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৩। সিয়াম পাঁচটি গর্ভবতী গাভি নিয়ে একটি খামার গড়ে তোলেন। স্থানীয় প্রাণিসম্পদ কর্মকর্তা সিয়ামকে খেলের বিকল্প হিসেবে অ্যালজি খাওয়ানোর পরামর্শ দেন এবং এর উৎপাদন ও খাওয়ানোর কৌশল শিখিয়ে দেন।

- ক) অ্যালজি কী? ১
খ) চিংড়িকে সন্ধ্যায় খাবার দিতে হয় কেন? ২
গ) সিয়াম তার গাভির খাদ্য কীভাবে তৈরি করবেন তা ব্যাখ্যা কর। ৩
ঘ) প্রাণিসম্পদ কর্মকর্তার দেওয়া পরামর্শের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

- ১। বেলে দোআঁশ মাটি আলু উৎপাদনের উপযোগী কেন?
২। কীসের মাধ্যমে মাটির পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি করা যায়?
৩। সাইলেজ তৈরিতে ঘাস কেটে কোথায় রাখা হয়?
৪। অতিরিক্ত পানি কোন ফসলের জন্য ক্ষতিকর?
৫। পাহাড়ি ও পাদভূমি অঞ্চলে সেচ ও বৃষ্টিনির্ভর ফসল কোনটি?
৬। কোন ধরণের মাটিতে আলুর উৎপাদন ভালো হয়?
৭। আলু উৎপাদনের পর স্তপাকারে রাখলে কোন পোকাটি আক্রমণ করে?
৮। কোনটি কারণের পুকুরের তলদেশে গ্যাস জমা হয়?
৯। কোনটি অভ্যন্তরীণ বদ্ধ জলাশয়?
১০। ব্রয়লার ফিনিশার রেশন কত সপ্তাহ পর্যন্ত সরবরাহ করা হয়?
১১। হাসের রেশনে ভূট্টার গুঁড়ার পরিমাণ শতকরা কত ভাগ?
১২। মাছের ডিম ফুটার পরের অবস্থাকে কী বলে?
১৩। পুকুরের গভীরতা বেশী হলে কী হয়?
১৪। বর্তমানে অভ্যন্তরীণ মুক্ত জলাশয় হতে মাছের উৎপাদন কমে যাওয়ার কারণ কি?
১৫। সকালে শিশির ভেজা অবস্থায় কোন ফসল সংগ্রহ করা উত্তম?
১৬। কেনাফ কী?
১৭। ধান ফসলের টুংরো রোগের জন্য দায়ী কে?
১৮। BJRI কতটি মেস্তা পাটের জাত উদ্ভাবন করেছে?
১৯। আফতাব ময়না জাতের উপশী ধানে কত কেজি ইউরিয়া প্রয়োগ করবে?
২০। আফতাবের প্রয়োগকৃত সারগুলো কি সরবরাহ করে?